অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL ঘোষণা করলেন U.S. রুট 11-এর 33.6 মিলিয়ন মার্কিন ডলারের ব্রিজ প্রতিস্থাপন প্রজেক্টের কাজ চলছে

ওনোন্ডাগা এবং ওসয়েগো কাউন্টিতে ওনিডা রিভারের উপর রুট 11-এর জন্য ব্রিজ প্রতিস্থাপনের পরিকল্পনা হয়েছে

প্রজেক্টটি ব্রিউয়ারটন ব্রিজের জীবনকাল বাড়াবে এবং রক্ষণাবেক্ষণের খরচ কম করবে

সিসেরো টাউন এবং হ্যাস্টিংস টাউনের মধ্যে চলা মোটরচালকদের জন্য পরিবহনের অভিজ্ঞতা উন্নত করবে

ব্রিজের কাঠামোটি হলো নিউ ইয়র্ক স্টেটের সর্বপ্রথম গাসেটহীন ট্রাস ব্রিজ এবং দেশের দ্বিতীয় গাসেটহীন ট্রাস ব্রিজ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ওনোন্ডাগা (Onondaga) কাউন্টির সিসেরো (Cicero) টাউন এবং ওসয়েগো (Oswego) কাউন্টির হ্যাস্টিংস (Hastings) টাউনে ওনিডা রিভারের উপর (Oneida River) দিয়ে ইউনাইটেড স্টেটসের (United States, U.S) রুট 11-কে বহন করা পুরোনো ব্রিজটিকে প্রতিস্থাপন করার 33.6 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টের কাজ শীঘ্রই শুরু হবে। ব্রিজটি হ্যামলেট অফ ব্রিউয়ারটাউনের (Hamlet of Brewerton) মধ্যে দিয়ে একটি উল্লেখযোগ্য উত্তর-দক্ষিণ সংযোগ হিসেবে কাজ করে, প্রতিদিন প্রায় 13,000 মোটরচালক এটি পার হয়। ইতিহাস ও বিনোদনে সমৃদ্ধ আশেপাশের এলাকাটি নৌকা চালানো, মাছ ধরা এবং অন্যান্য পানির কার্যকলাপের জন্য অতি পরিচিত এবং এটি রেস্টুরেন্ট ও ক্ষুদ্র ব্যবসার জন্য একটি প্রাণচঞ্চল উপকেন্দ্র হিসেবে কাজ করে। ইন্টারস্টেট 81-এর কাছে হওয়ার ফলে, রুট 11 বাসিন্দা ও বাইরে থেকে আসা মানুষ সকলের জন্য সিরাকিউজ সিটি (City of Syracuse) এবং আশেপাশের সেন্ট্রাল ও নর্দার্ন নিউ ইয়র্কের কমিউনিটি গুলিতে সহজ অ্যাক্সেস দিয়ে থাকে।

"নিউ ইয়র্ক স্টেট এর ইনফ্রাস্ট্রাকচারের পুনরুজ্জীবনের মাধ্যমে কমিউনিটিগুলিতে বিনিয়োগ করার ব্যাপারে তাদের অবিচল অঙ্গীকার দেখিয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ব্রিউয়ারটনের ওনিডা রিভারের উপরের রুট 11 ব্রিজটি একটি অতি প্রয়োজনীয় সংযোগ যা

আমাদেরকে অবশ্যই রক্ষা করতে হবে, এবং এই স্টেটের তহবিল পাওয়া কাজটি নিশ্চিত করবে যাতে এটি বর্তমান ও ভবিষ্যতের জন্য নিরাপদ ও নির্ভরযোগ্য হয়ে থাকতে পারে।"

বিংশ শতাব্দীর প্রথম দিকে প্রথম নির্মিত হওয়া রুট 11 ব্রিজটি ওনিডা রিভার পার হয়ে বাণিজ্য ও ভ্রমণ সম্ভব করতে সাহায্য করেছে। এরপর নানা সময়ে এটির উল্লেখযোগ্য পুনর্বাসন কাজ হয়েছে, সবশেষ তা হয়েছিলো 1986 সালে। গত দুই দশক ধরে অন্যান্য এমন আরো ছোট ছোট প্রজেক্ট ব্রিজটির ছোটখাটো মেরামত কাজ করেছে।

আশা করা যাচ্ছে যে 2026 সালের মধ্যে নতুন ব্রিজটির কাজ শেষ হবে এবং ট্র্যাফিককে অস্থায়ী ব্রিজ থেকে নতুন ব্রিজে সরিয়ে নেওয়া যাবে। 2027 সালের শুরুর দিকে প্রজেক্টটির নির্মাণকাজ সম্পূর্ণ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার Marie Therese Dominguez (ম্যারি টেরেস ডমিঙ্গেজ) বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে দুর্দান্ত রূপান্তর হচ্ছে, এবং আমাদের পরিবহন ইনফ্রাস্ট্রাকচার যাতে এই নজিরবিহীন বিকাশ সামাল দেওয়ার জন্য তৈরি থাকে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নতুন ধরণের ব্রিজের ডিজাইনটি একটি নিরাপদ ও দৃঢ় পরিবহন নেটওয়ার্ক তৈরিতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি দেখায়, এবং কাঠামোটির মাল্টিমোডাল ফিচারগুলি নিশ্চিত করবে যাতে ওনিডা রিভারের আশেপাশের বিনোদন আকর্ষণগুলিতে পৌঁছানোর জন্য সকলের কাছেই একটি নিরাপদ রাস্তা থাকে, যা স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করতে সাহায্য করবে এবং আঞ্চলিক বিকাশের জন্য নতুন সুযোগ দিবে।"

স্টেটের সিনেটর Christopher Ryan (ক্রিস্টোফার রায়ান) বলেন, "রুট 11 ব্রিজে এই বিনিয়োগটি হলো সেন্ট্রাল নিউ ইয়র্কের ইনফ্রাস্ট্রাকচার জোরদার করার প্রতি এবং বাসিন্দা, ব্যবসা ও বাইরে থেকে আসা মানুষদের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য সংযোগ নিশ্চিত করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতির একটি প্রমাণ। এই অতি গুরুত্বপূর্ণ পারাপারকে আধুনিক করার মাধ্যমে আমরা শুধু কার্যকারিতা উন্নত করছি না, বরং এছাড়াও অর্থনৈতিক বিকাশকে সমর্থন করছি এবং এই অঞ্চলকে এতো প্রাণবন্ত করে তুলে যে বিনোদনমূলক ও বাণিজ্যিক সুযোগ সেগুলি পর্যন্ত অ্যাক্সেস উন্নত করছি। সেন্ট্রাল নিউ ইয়র্কের ইনফ্রাস্ট্রাকচারের রূপান্তরের প্রতি গভর্নর Hochul (হোকল) এবং NYSDOT-এর ধারাবাহিক প্রতিশ্রুতির জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Will Barclay (উইল বার্কলে) বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কের পরিবহন ইনফ্রাস্ট্রাকচার জোরদার করতে বিনিয়োগ করা হচ্ছে দেখে আমি খুশি। প্রতিদিন রুট 11-এর ব্রিজটির উপর নির্ভর করে থাকা 13,000 মোটরচালকের জন্য এটিকে নির্ভরযোগ্য ও নিরাপদ করা নিশ্চিত করার জন্য এটি প্রতিস্থাপন করা অতি গুরুত্বপূর্ণ। এছাড়াও এই প্রজেক্টটি বহু বাসিন্দা এবং এর নৌকা চালানো, মাছ ধরা, এবং বিনোদনমূলক সুযোগের জন্য এই এলাকায় বাইরে থেকে আসা মানুষদের সমর্থন করার জন্য অঞ্চলের ক্ষমতা বাড়িয়ে দিবে। এই বিনিয়োগটি আগামী বহু বছর ধরে কমিউনিটিকে সেবাদান করবে, নিরাপত্তা এবং অর্থনৈতিক বিকাশ উভয়ের প্রচার করবে।"

অ্যাসেম্বলির সদস্য Al Stirpe (অ্যাল স্টির্পে) বলেন, "ব্রিউয়ারটনের রুট 11-র ব্রিজটি প্রতিস্থাপিত হওয়ার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) আজকের ঘোষণাটি স্পষ্টভাবে আপস্টেটের ইনফ্রাস্ট্রাকচার ও কমিউনিটির বিনিয়োগ ও উন্নতি করার ব্যাপারে তার প্রতিশ্রুতি দেখায়। ব্রিউয়ারটনের কেন্দ্রে ওনিডা রিভারের উভয় পাশকে ধরে রাখা রুট 11-এর ব্রিজটি মোটরচালক, সাইকেলচালক এবং পথচারীদের জন্য নিরাপত্তা উন্নত করবে। ব্রিউয়ারটনের সম্প্রতি সফল হওয়া NY Forward অনুদান এবং আজকের ঘোষণাটি আমাদের ঐতিহাসিক কমিউনিটিগুলোরই গুরুত্বকে স্বীকার করে এবং আমাদের ডাউনটাউনগুলির সম্ভাবনা এবং ভবিষ্যতকে বুঝতে পারে।"

ব্রিজ প্রতিস্থাপন প্রজেক্টের প্রত্যাশিত ফলাফল

পর্যায়ক্রমে একমুখী ট্র্যাফিকের জায়গা দিবে এমন একটি অস্থায়ী ব্রিজে ট্র্যাফিক সরিয়ে নেওয়ার পর, এই শরৎকালে বিদ্যমান ব্রিজটি ভেঙ্গে ফেলার কাজ শুরু হবে বলে আশা করা যাচ্ছে। অস্থায়ী ব্রিজের উত্তরমুখী ও দক্ষিণমুখী উঠার রাস্তায় আধুনিক ট্র্যাফিক সিগন্যাল ইনস্টল করা হবে, এবং ট্র্যাফিক প্রবাহের ভিত্তিতে মোটরচালকের অপেক্ষা করার সময় ঠিক করার জন্য যানবাহন সনাক্ত করার সেন্সর বসানো হবে, যার কারণে জনগণের জন্য যাতায়াতের প্রভাব উল্লেখযোগ্যভাবে কম হবে। অস্থায়ী ব্রিজ থেকে সকল ট্র্যাফিক দূর করতে জরুরি যানবাহনগুলি একটি অগ্রিম ব্যবস্থাকে কাজে লাগবে, যার ফলে জরুরি যানবাহনগুলি প্রয়োজনমতো, কোনো বিলম্ব ছাড়াই নিরাপদে ব্রিজটি পার হতে পারবে।

অস্থায়ী এক লেনের ব্রিজে ট্র্যাফিক সরিয়ে নেওয়া হলে নিউ ইয়র্ক স্টেটের প্রথম গাসেটহীন ট্রাস ব্রিজের নির্মাণকাজ শুরু হবে, এবং নতুন কাঠামোটি বিদ্যমান ব্রিজের একই অ্যালাইনমেন্ট ও ফুটপ্রিন্টে দাঁড় করানো হবে। গাসেটহীন ট্রাস ব্রিজটিকে ব্যাপকভাবে আরো আধুনিক ও কার্যকর হিসেবে বিবেচনা করা হয়। বর্তমান ডিজাইনে ব্রিজটির স্টিল প্লেটগুলির, যা রাস্তার নিচে অবস্থিত, শীতকালীন মাসগুলিতে লবণ পানি নিষ্কাশন এবং রাবিশের কারণে ক্ষয় হওয়ার ঝুঁকি বেশি থাকে, এবং নতুন ডিজাইনের কানেকশনগুলি রাস্তার উপরে অবস্থিত হবে, যার ফলে পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণ দলের জন্য ব্রিজটিকে অ্যাক্সেস করা আরো সহজ হবে, যা ব্যবহারের ফলে ক্ষয় প্রতিরোধ করতে, টেকসই অবস্থা উন্নত করতে, এবং অর্থ সাশ্রয় করতে সাহায্য করে।

অত্যাধুনিক ব্রিজটি 75 বছরের জীবনকালের জন্য নকশা করা হয়েছে, কিন্তু একটি ধাতুযুক্ত কোটিং সুরক্ষা, নিয়মিত দেখাশোনার সাথে মিলিত হয়ে গাসেটহীন ডিটেইলসে কারণে এর জীবনকাল এর থেকে বেশি হওয়া খুব সম্ভব। এছাড়াও নির্মাণকাজে থাকবে একটি নতুন কংক্রিটের ব্রিজ পিয়ার, অ্যাবাটমেন্ট, এবং একটি কংক্রিটের ডেকে যাকে সরাসরি ফ্লোর বিম দিয়ে সমর্থন করা হবে, যা পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং ভবিষ্যৎ প্রতিস্থাপনের খরচ কম করবে।

স্ট্যান্ডার্ড আট ফুট শোল্ডার বসানো হবে, যা জরুরি যানবাহন, ডিজেবলদের যানবাহন, এবং তুষার ও বরফ সরঞ্জামের জন্য জায়গা দিবে। বিদ্যমান ড্রেনেজ কাঠামো এবং পাইপকেও বাড়তি প্রবাহ ঠেকানোর জন্য বদলে দেওয়া হবে, এবং নতুন কাঠামোর গার্ডারের মধ্যে দিয়ে ইউটিলিটিগুলির অবস্থান বদলে দেওয়া হবে, যা প্রায় এক ডজন ইউটিলিটি পোলের প্রয়োজন

শেষ করবে, যা অপ্রয়োজনীয় ক্ষতি এড়াতে এবং আরো সহজসরল রূপ তৈরি করতে সাহায্য করবে।

ব্রিজের উভয় পাশে পাঁচ ফুটের সাইডওয়াক যোগ করার ফলে মাল্টিমোডাল পরিবহনের বিকল্প যোগ করা হবে এবং এটি পথচারী ও সাইকেলচালকদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে অপ্টিমাইজ করবে, এবং সেই সাথে ব্রিজে উঠার পথে এবং রাস্তার মাঝে ঝুলন্ত ট্রাসে সুন্দর রাস্তার বাতি বসানো হবে, যার কারণে আরো ভালো দেখা সম্ভব হবে।

পরিবহন দপ্তর সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!
আরো তথ্যের জন্য, আমাদেরকে Facebook-এ খুঁজুন, X পূর্বে Twitter নামে পরিচিত, বা Instagram–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন